Office of the Cheif Engineer
University of Dhaka.
Dhaka-1000. Bangladesh
PABX: 880-2-9666911463-4120
Fax: 880-2-9667222

প্রধান প্রকৌশলীর দপ্তর
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০, বাংলাদেশ।
পিএবিএক্স: ৮৮০-২-৯৬৬৬৯১১৪৬৩-৪১২০
ফ্যাক্স: ৮৮০-২-৯৬৬৭২২২।

# নিলাম বিজ্ঞপ্তি

মেমো নং-প্রকৌঃ (বিদ্যুৎ)/.....৬৮৭ ২৫/৬/২৬ তারিখ ২৫/৬/২০২৬

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদ এ.এন.এম মুনীরউজ্জামান ভবনে স্থাপিত পুরাতন ০২টি লিফট যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় প্রকাশ্য নিলামে বিক্রয় করা হবে। আগামী ০২-৭-২০২৬ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় শহীদ এ.এন.এম মুনীরউজ্জামান ভবনে নিলাম অনুষ্ঠিত হবে। নিলামে আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে নিলামে অংশগ্রহন করতে হবে:

১। লিফট স্থাপন/অপসারণ কাজের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

২। ২য় লিফটটি সম্পূর্ণ সচল ও চলাচল উপযোগী রেখে প্রয়োজনীয় সকল সতর্কতা ও নিরাপত্তা অনুসরণ করে ১ম লিফট অপসারণ করতে হবে। ১ম লিফট অপসারণের পর উক্ত স্থানে নতুন একটি লিফট স্থাপনের পর ২য় লিফটটির অপসারণ কাজ শুরু করতে হবে।

৩। যে কোন লিফট অপসারণের সময় ভবন বা অপর লিফটের কোন ক্ষতি হলে নিলামের কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে সম্পূর্ণ নিজ খরচে উহা মেরামত করে দিতে হবে।

আলোচ্য নিলামে অংশ গ্রহণকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে তত্ত্বাবধায়ক প্রকৌশলী-বিদ্যুৎ (জোন-১), ঢাকা বিশ্ববিদ্যালয় এর অনুকূলে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার পে-অর্ডার জামানত হিসাবে (ফেরৎযোগ্য) জমা দিয়ে নিলাম ডাকে অংশগ্রহন করতে হবে। অত:পর কার্যাদেশ পাওয়ার ৩ (তিন) দিনের মধ্যে গৃহীত মূল্যের ৫০% (শতকরা পঞ্চাশ) টাকা জনতা ব্যাংক, টিএসসি শাখায় (বিবিধ হিসাব নম্বর ৩৩০০০০৯৮) জমা প্রদান এবং গৃহীত মূল্যের উপর সরকারী নিয়মানুযায়ী নির্ধারিত হারে ভ্যাট ও আইটি ট্রেজারী চালানের মাধ্যমে জমা পূর্বক সমুদয় জমা রশিদ অত্র অফিসে দাখিল করত: তত্ত্বাবধায়ক প্রকৌশলী-বিদ্যুৎ (জোন-১) এর লিখিত অনুমতি নিয়া নির্ধারিত সময়ের মধ্যে ১ম লিফটের মালামাল সাইট হইতে অপসারণ করতে হবে। ২য় লিফটের মালামাল অপাসরণের পূর্বে অবশিষ্ট ৫০% (শতকরা পঞ্চাশ) টাকা একই নিয়মে জমা পূর্বক মালামাল সাইট হইতে অপসারণ করতে হবে। মালামাল অপসারণের পর সাইট সম্পূর্ণরূপে পরিষ্কার করে সংশ্লিষ্ট প্রকৌশলীর সুপারিশক্রমে জামানতের ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ফেরৎ দেয়া হবে।

ইচ্ছুক প্রতিষ্ঠান বা ব্যক্তিগণ প্রতিদিন অফিস চলাকালীন সময় শহীদ এ.এন.এম মুনীরউজ্জামান ভবনের ২টি লিফট পরিদর্শন করতে পারবেন। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ নিলাম ডাককারীর দরসহ যে কোন ডাক বাতিল বা গ্রহণ করার পূর্ণ ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষন করেন। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত নিলাম ডাককারীগন মেনে নিতে বাধ্য থাকবেন।

স্বাক্ষরিত/
তত্ত্বাবধায়ক প্রকৌশলী-বিদ্যুৎ (জোন-১)
ঢাকা বিশ্ববিদ্যালয়।

মেমো নং-প্রকৌঃ (বিদ্যুৎ)/...৬৮৭(১-১৪) তারিখ ২৫/৬/২০২৬

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সভাপতি, শহিদ এ.এন.এম মুনীরউজ্জামান ভবন শিক্ষক কল্যান সমিতি, ঢা. বি.।-নিলাম কমিটির আহবায়ক হিসেবে নিলাম স্থানে উপস্থিত থাকার জন্য।
২। সাধারণ সম্পাদক, শহিদ এ.এন.এম মুনীরউজ্জামান ভবন শিক্ষক কল্যান সমিতি, ঢা. বি.। সদস্য হিসাবে নিলাম স্থানে উপস্থিত থাকার জন্য।
৩। চেয়ারম্যান, ত ই ই বিভাগ, ঢা. বি. অথবা তাঁর একজন প্রতিনিধি-সদস্য হিসাবে নিলাম স্থানে উপস্থিত থাকার জন্য।
৪। হিসাব পরিচালক, ঢা. বি. অথবা তাঁর একজন প্রতিনিধি। সদস্য হিসাবে নিলাম স্থানে উপস্থিত থাকার জন্য।
৫। প্রধান প্রকৌশলী, ঢাঃ বিঃ।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী-(সার্কেল-বিদ্যুৎ), ঢা. বি.।-সদস্য হিসাবে নিলাম স্থানে উপস্থিত থাকার জন্য।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী-বিদ্যুৎ (জোন-১), ঢা. বি.।-সদস্য-সচিব হিসাবে নিলাম স্থানে উপস্থিত থাকার জন্য।
৮। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্যের দপ্তর, ঢাঃ বিঃ-মাননীয় উপাচার্যের সদয় অবগতির জন্য।
৯। সহকারী রেজিস্ট্রার/ সচিব, কোষাধ্যক্ষের দপ্তর, ঢাঃ বিঃ-মাননীয় কোষাধ্যক্ষের সদয় অবগতির জন্য।
১০। নোটিশ বোর্ড, প্রকৌশল দপ্তর, ঢাঃ বিঃ।
১১। নোটিশ বোর্ড, রেজিস্ট্রারের অফিস, ঢাঃ বিঃ।
১২। নোটিশ বোর্ড, পরিকল্পনা ও উন্নয়ন, ঢাঃ বিঃ।
১৩। নোটিশ বোর্ড, হিসাব পরিচালকের অফিস, ঢাঃ বিঃ।
১৪। লিফট সরবরাহ, স্থাপন ও অপসারণ কাজের অভিজ্ঞতা সম্পন্ন বিভিন্ন প্রতিষ্ঠান।

25/6/2026
তত্ত্বাবধায়ক প্রকৌশলী-বিদ্যুৎ (জোন-১)
ঢাকা বিশ্ববিদ্যালয়।